ঝালকাঠিতে প্রবাসীর স্ত্রীর সঙ্গে আপত্তিকর অবস্থায় আ.লীগ নেতা আটক

written by Chandradip News24 | December 4, 2024

আওয়ামী লীগ নেতা শহিদুল ইসলাম।

ঝালকাঠির নলছিটিতে প্রবাসীর স্ত্রীর সঙ্গে অনৈতিক কাজে লিপ্ত থাকার সময় স্থানীয়দের হাতে আটক হয়েছেন কুশঙ্গল ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম। পরে তাকে পুলিশের কাছে সোপর্দ করা হয়।

সোমবার (২ ডিসেম্বর) রাতে উপজেলার মানপাশা বাজার এলাকায় এ ঘটনা ঘটে। আটক শহিদুল ইসলাম মানপাশা গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে।

প্রত্যক্ষদর্শীদের বরাতে জানা যায়, দীর্ঘদিন ধরে শহিদুল ইসলামের সঙ্গে স্থানীয় এক প্রবাসীর স্ত্রীর অবৈধ সম্পর্ক চলছিল। সোমবার রাতে মানপাশা বাজারে একটি ভবনে তাদের একান্তে সময় কাটাতে দেখে স্থানীয়রা ভবনের প্রবেশদ্বার তালাবদ্ধ করে দেন। পরে খবর পেয়ে নলছিটি থানা পুলিশ এসে তাদের আটক করে থানায় নিয়ে যায়।

স্থানীয় বাসিন্দারা জানান, শহিদুল ইসলামের অনৈতিক কর্মকাণ্ড

সম্পর্কে অনেকেই অবগত থাকলেও তার রাজনৈতিক প্রভাবের কারণে কেউ প্রতিবাদ করার সাহস পেতেন না। তবে সম্প্রতি এলাকাবাসীর ধৈর্যের বাঁধ ভেঙে যাওয়ায় এ ঘটনা প্রকাশ্যে আসে।

নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুস সালাম বলেন, “অনৈতিক সম্পর্কের অভিযোগে আটক শহিদুল ইসলাম এবং ওই নারীকে মঙ্গলবার আদালতে পাঠানো হয়েছে। তাদের বিরুদ্ধে একটি মামলা করা হয়েছে।”

মো: আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম